



শহীদ মিনারে জামায়াত আমিরকে দেখে রাজাকার স্লোগানে উত্তাল



সংগৃহীত ছবি

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে কেন্দ্রীয় শহীদ মিনারে উপস্থিত হন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। এটি তার কেন্দ্রীয় শহীদ মিনারে প্রথমবারের মতো শ্রদ্ধা নিবেদন।

শুক্রবার (২০ ফেব্রুয়ারি) রাত ১২টা ২২ মিনিটে তিনি বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় তার সঙ্গে ছিলেন বিরোধীদলীয় ছইপ নাহিদ ইসলাম, এনসিপির আহ্বায়ক ও সদস্যসচিব আখতার হোসেন এবং ১১ দলীয় জোটের শীর্ষ নেতারা।

শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় একদল যুবক তাকে লক্ষ্য করে 'রাজাকার', 'একাত্তরের দালাল' এবং 'বাংলা ছাড়' জাতীয় স্লোগান দিতে থাকেন। মুহূর্তেই জামায়াতের নেতা-কর্মীরাও 'ভাষাসৈনিক গোলাম আযম, লও লও লও সালাম' স্লোগান দিয়ে প্রতিক্রিয়া জানান। পরিস্থিতি কিছুটা উত্তপ্ত হয়।

হট্টগোল বেড়ে গেলে ডা. শফিকুর রহমান ও জোটের নেতারা দ্রুত গাড়ির কাছে ফিরে যান। পুলিশ ও বিজিবি সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করার পর তারা শহীদ মিনার এলাকা ত্যাগ করেন।